

মাননীয় সচিব



জনাব মোঃ আমিনুল ইসলাম খান

জনাব মোঃ আমিনুল ইসলাম খান ০৭ জুলাই ২০২০ খ্রি: তারিখ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের সচিব পদে যোগদান করেন। ইতঃপূর্বে তিনি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে সচিব হিসেবে কর্মরত ছিলেন। তিনি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগে অতিরিক্ত সচিব পদে দায়িত্ব পালন করেছেন।

বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১৯৮৬ ব্যাচের কর্মকর্তা হিসেবে জনাব মোঃ আমিনুল ইসলাম খান ১৯৮৯ সালে চাকুরি জীবন শুরু করেন। তিনি বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ এবং মাঠপর্যায়ে গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন। তিনি প্রথম সচিব (শ্রম) হিসেবে বাংলাদেশ দূতাবাস, কাতার এবং কমনওয়েলথ সেক্রেটারিয়েট-এর এশিয়া আঞ্চলিক যুব কেন্দ্র (Commonwealth Youth Programme)-এর প্রধান হিসেবে কর্মরত ছিলেন।

জনাব মোঃ আমিনুল ইসলাম খান ওআইসি সম্মেলন, বিশ্ব বাণিজ্য সংস্থার সম্মেলন, কমনওয়েলথ হেডস অব গভর্নমেন্টস এন্ড ইয়ুথ মিনিস্টার্স মিটিং-এ অংশগ্রহণ করেন। বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক সম্মেলনে তিনি কৌশলগত পেপার উপস্থাপন ও **Key note** স্পীকার হিসেবে বক্তব্য প্রদান করেছেন। বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভিজিটিং স্পীকার হিসেবে তিনি বক্তৃতা করেছেন। তিনি বাংলাদেশের লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, বিসিএস (প্রশাসন) একাডেমি, নায়েম, পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি, বিয়ামসহ বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষক হিসেবে অংশগ্রহণ করে থাকেন। তিনি বিসিএস (প্রশাসন) এসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটি-র সদস্য এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ইংরেজি বিভাগ এলামনাই সোসাইটির সাধারণ সম্পাদক। এছাড়াও তিনি বহু সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের সাথে যুক্ত।

জনাব মোঃ আমিনুল ইসলাম খান ঢাকা বিশ্ববিদ্যালয় এর ইংরেজি বিভাগ হতে বি, এ অনার্স ও এম, এ এবং এলএলবি ডিগ্রী অর্জন করেন। তার সহধর্মিণী বেগম রায়হানা তাসনীম একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করেন। পারিবারিক জীবনে তিনি দুই পুত্র সন্তানের জনক।